# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১২ জুলাই ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার বেশ কয়েকটি সিদ্ধান্ত এখনো কার্যকরের প্রক্রিয়াধীন আছে। আগামী বোর্ডসভায় ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতিবেদন উপস্থাপনের শর্তে তা দৃঢ়ীকরণের জন্য বোর্ডের সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ প্রস্তাব করেন এবং কর্ণেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ০১ জুলাই, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় সভাপতি অবহিত করেন যে, সিইও দায়সারাভাবে বিগত ১২ জুলাই ২০১৫ তারিখের কার্যবিবরণীর খসড়া তার দপ্তরে প্রেরণ করেছিলেন। খসড়াটিতে সভায় আলোচিত এবং গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে লিপিবদ্ধ করা হয় নাই বিধায় তার দপ্তর হতে প্রয়োজনীয় সংশোধন করতঃ সভাপতির স্বাক্ষরসহ সিইও'র স্বাক্ষরান্তে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রচার করার জন্য স্টেশন সদর দপ্তর পত্র নং- ৩০৪/ক্যাংবোঃ, তারিখ ০৯ জুলাই, ২০১৫ এর মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডে পাঠানো হয়। ইতিপূর্বে সিইও সভাপতিকে জানান যে, তার বিরুদ্ধে অভিযোগসমূহ আলোচিত হয়েছে এবং কার্যবিবরণীতে লিপিবদ্ধ হয়েছে বিধায় তিনি কার্যবিবরণীতে স্বাক্ষর করবেন না। এ পর্যায়ে সিইও মোঃ রেজাউল ইসলাম আলোচনায় অংশ নিয়ে জানান যে, ০১ জুলাই, ২০১৫ ইং এর বোর্ড সভায় আলোচিত অভিযোগসমূহ কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হয়েছে। তিনি জানান যে কার্যবিবনীতে স্বাক্ষর করার অর্থ হলো অভিযোগসমূহ স্বীকার করে নেয়া। তাই তিনি স্বাক্ষর করতে পারবেন না। এ পর্যায়ে সভাপতি জানান যে, কার্যবিবরণীতে এমন কিছু লিপিবদ্ধ নেই যা সভায় আলোচিত হয় নাই। সিইও কর্তৃক প্রস্তুতকৃত খসড়া এখনও অফিসে রক্ষিত আছে। তবে এখনও যদি কোন পর্যবেক্ষণ থাকে তাহা অদ্যকার সভায় সংশোধন করা যেতে পারে। এ পর্যায়ে সভায় উপস্থিত সকলের নিকট মন্তব্য চাওয়া হলে কেহই আপত্তি জানান নাই। এমতাবস্থায় সিইও জানান যে তার বিরুদ্ধে আনীত অভিযোগ লিখিত আকারে প্রেরণ করা হলে যথাযথ বক্তব্য দেবেন। সভাপতি বলেন, সিইও'র স্বাক্ষরের স্থানটি খালি রেখে তিনি কার্যবিবরণী স্বাক্ষর করে দিয়েছেন এবং সিইও কর্তৃক স্বাক্ষরান্তে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে বলেন। তারপরও সিইও স্বাক্ষর না করলে ক্যান্টনমেন্টস এ্যাক্ট ১৯২৪ এর ধারা ৪১(১) অনুযায়ী সভাপতির স্বাক্ষরে প্রচার করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যদের পক্ষ থেকে কারো কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী গ্রহণ এবং নিশ্চিত করার জন্য সদস্য কর্ণেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি) প্রস্তাব করেন এবং সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহিদুল হক সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

আলোচ্যসূচী-৩ঃ মে ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০১৫ মাসে গৃহকর বাবদ ২২,২২,৯৮৯.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২,৮৮,১৩৬.০০ টাকা আদায় হয়েছে। মে, ২০১৫ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ৮,০৬,১৫,৪১৩.০০ টাকা যা মোট দাবীর ৯৪.০৯%। রাজস্ব আদায়ের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-৪ঃ মে, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মে ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৭১,৭৪,২৬৩.০৫ টাকা আয় হয়েছে। অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৩,৬৮,৭৯,৭০৪.৪৪ টাকা। মে, ২০১৫ মাসে সর্বমোট ব্যয় ২,০৮,১৭,৩৩৮.০০ টাকা। হিসাব বিবরণী চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৫ঃ জুন, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

জুন, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।
জুন, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৭ঃ ২০১৪-২০১৫ আর্থিক সালের সংশোধিত বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০১৪-২০১৫ আর্থিক সালের সংশোধিত বাজেট সভায় উপস্থাপন করা হলে বাজেটের উপর আলোচনায় অংশ গ্রহণ করে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস জানান গত ০৩(তিন) বছরের বাজেট পর্যালোচনায় দেখা যায় আয়ের যে লক্ষ্যমাত্রা ধরা হয় প্রকৃতপক্ষে আয় তার চেয়ে বেশী হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, সঠিকভাবে আয়ের টার্গেট ধরা হয় নি। এছাড়াও সভাপতি মহোদয় ২০১৪-২০১৫ আর্থিক সালের সংশোধিত বাজেটে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নৈমিত্তিক ব্যয় (চ-১-খ) এবং মৌলিক নির্মাণ কাজে (চ-১-গ) ব্যয়িত অর্থের যথার্থতা এবং সভায় উপস্থাপিত মৌলিক নির্মাণ- জনসাধারণের উন্নয়নমূলক কাজ (ঘ-১-চ) এর তালিকার ক্রমিক নং- ১০, ১১, ২৭, ৩৬ ও ৪৮ এ উপস্থাপিত প্রকল্পসমূহের বিপরীতে খরচের যথার্থতা যাচাই করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(ক) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। -- সভাপতি
(খ) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক, সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(গ) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি অধিনায়ক, বিএএফ বেস বাশার ও সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(ঘ) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

বিস্তারিত আলোচনান্তে ২০১৪-২০১৫ আর্থিক সালের ৬৬,৫২,২৯,০০০.০০ টাকার সংশোধিত আজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৮ঃ ২০১৫-২০১৬ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক সভায় বাজেট উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেটের উপর আলোচনায় অংশ গ্রহণ করে সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয় যে, বোর্ডের আয়ের তুলনায় ব্যয় অনেক বেশী হওয়ায় আয়ের খাতসমূহ যথাযথভাবে চিহ্নিতকরণসহ সঠিকভাবে আয়ের টার্গেট নির্ধারণ করতঃ যুক্তিযুক্তভাবে আয় বৃদ্ধি করতে হবে। ক্যান্টনমেন্ট বোর্ড যথাসম্ভব নিজস্ব আয় দ্বারা পরিচালিত হওয়ার কথা থাকলেও জনসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিতভাবে ঘাটতি বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৫-২০১৬ অর্থ বৎসরের জন্য বিভিন্ন খাতে আয় ও ব্যয় বৃদ্ধি করে ৭০,০০,০০,০০০.০০ (সত্তর) কোটি টাকার বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত বিভাজন বাজেট বইয়ে উপস্থাপন করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(খ) নিম্নবর্ণিত খাতে আয় বৃদ্ধির প্রস্তাব করা হলো ঃ-

| ক্রমিক নং | খাতের নাম |
|---|---|
| ১. | কর এবং খাজনা |
| ২. | বিশেষ আইন অনুযায়ী (খোঁয়াড়) |
| ৩. | করব্যতিরেকে সম্পত্তির ও আইনের আওতাধীন খাজনা |
| ৪. | নগর শুল্ক |
| ৫. | ব্যবসা এবং পেশা কর |
| ৬. | খোঁয়াড় |
| ৭. | ক্যান্টঃ ও অপরাপর আইনের অধীনে জরিমানা |

(গ) ২০১৫-২০১৬ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটের ঘ-৩ খাতে জনহিতকর (পূর্ত কার্য) নিম্নবর্ণিত প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ |
|---|---|
| ১. | শহীদ জাহাঙ্গীর গেইট হতে বিএএফ বঙ্গবন্ধু বেস পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে পরিকল্পিতভাবে সৌন্দর্যবর্ধনসহ বৃক্ষরোপণ। |
| ২. | ঢাকা সেনানিবাসের বিভিন্ন শিশু পার্কে খেলনা সামগ্রী সংযোজন ও পুরাতন খেলনা সামগ্রী মেরামত। |
| ৩. | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বের নিচু স্থানে মাটি/বালু ভরাটসহ লেভেলিংকরণ এবং ড্রেন নির্মাণ। |
| ৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের পাশে খেলার মাঠসহ পার্ক নির্মাণ। |
| ৫. | শহীদ ইউসুফ লাইন এলাকায় খেলার মাঠ ও পার্ক উন্নয়ন। |

 

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ |
|---|---|
| ৬. | ব্রডওয়ের পশ্চিম পার্শ্বে খালি জায়গায় বালু ভরাট করে লেভেলিংকরণ। |
| ৭. | আইএসএসবি হতে জিয়া কলোনী পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে ড্রেন ও ফুটপাত নির্মাণ। |

(ঘ) বাজেট পর্যালোচনাকালে জানা যায় ২০১৪-২০১৫ অর্থ বছরে সংশোধিত বাজেটে অনুমোদিত প্রকল্পবাস্তবায়নের জন্য স্থায়ী আমানত ভাঙ্গানো/স্থানান্তর বাবদ সম্ভাব্য ২৫,৯৫,৪১,৮০০/- (পঁচিশ কোটি পঁচানব্বই লক্ষ একচল্লিশ হাজার আটশত) টাকা আয় খাতে দেখানো হয়েছে। বোর্ড সদস্য কর্নেল মোস্তাফিজুর রহমানবলেন স্থায়ী আমানত খরচের পূর্বে বোর্ডের পূর্বানুমোদন নেয়া হয় নাই। তিনি এ সম্পর্কে আরোও বলেনএফডিআর খরচের পূর্বে বোর্ড সভায় পূর্বানুমোদন নেন নাই। এ ব্যাপারে সিইও মোঃ রেজাউল ইসলাম-কে এফডিআর ভাঙ্গিয়ে খরচ করার কারণ এবং অনুমোদন আছে কিনা জানতে চাওয়া হলে কোন সন্তোষজনক জবাব দেন নাই। ভবিষ্যতে এ ধরণের ঘটনা রোধকল্পে ক্যান্টনমেন্ট বোর্ডের জমাকৃত অর্থ এখন থেকে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের যৌথনামে এফডিআর করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঙ) এখন থেকে যে কোন প্রকল্প প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট বাজেট খাতের বিবরণসহ (বরাদ্দ, বর্তমান স্থিতি) উপস্থাপন করতে হবে।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকান ভেঙ্গে রাস্তা করার বিষয়ে মেজর (অবঃ) আব্দুস সাত্তার এর আবেদন প্রসংগে গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর মাধ্যমে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ ঢাকা সিটি কর্পোরেশন এর সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ২৩ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের এস,আর,ও নং- ৪৪ আইন/২০১৫ মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন করহার (ট্রেডলাইসেন্স ফি) পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ২৩ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের এস,আর,ও নং- ৪৪ আইন/২০১৫ এর মাধ্যমে ঢাকা সিটি কর্পোরেশনসহ দেশের সকল সিটি কর্পোরেশনের জন্য আদর্শ কর তফসিল ঘোষণা করা হয়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড যেহেতু ঢাকা সিটি কর্পোরেশনের মধ্যে অবস্থিত সেহেতু স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উল্লেখিত গেজেটে ঘোষিত বিভিন্ন করের হার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডেও প্রচলন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত গেজেটে ঘোষিত বিভিন্ন কর হার ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে বর্তমানে প্রচলিত কর হারের তুলনামূলক বিবরণ উল্লেখপূর্বক এ বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত সাপেক্ষে বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন অতিরিক্ত জমি সংক্রান্ত মাননীয় সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল আপিল নং-১৩৬/২০১০ শুনানীর নিমিত্তে সিনিয়র আইনজীবি নিয়োগের ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধের নিমিত্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার ০৭/০৫/২০১৫ ইং তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা বিশিষ্ট ৭৪ নং প্লটটির মালিক মিসেস শামীমা এ খান। ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট অতিরিক্ত জমি সংক্রান্ত বিষয়ে বাড়ীর মালিক এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে মামলার উদ্ভব হয়। মামলাটি মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং-১৩৬/২০১০ বিচারাধীন রয়েছে। উক্ত মামলা পরিচালনার জন্য সিনিয়র আইনজীবী জনাব আকতার ইমাম, ব্যারিস্টার-এট-ল কে পরিশোধ করার জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার বিল অত্র দপ্তরের আইন উপদেস্টা রেজিনা মাহমুদ ০৭ মে ২০১৫ তারিখে অত্র দপ্তরে প্রেরণ করেছেন। বিস্তারিত আলোচনান্তে বিষয়োক্ত মোকদ্দমার রায় ঘোষণা পর্যন্ত মামলা পরিচালনা বাবদ সিনিয়র আইনজীবী ফি বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত বিল এক বারে পরিশোধ না করে ধাপে ধাপে পরিশোধ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে পবিত্র রমজান মাসে জুম্মার নামাজ আদায়ের নিমিত্তে এক মাসের জন্য প্যান্ডেল স্থাপন বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে পবিত্র রমজান মাসে জুম্মার নামাজ আদায়ের নিমিত্তে এক মাসের জন্য প্যান্ডেল স্থাপন বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করতে হবে।

 

আলোচ্যসূচী-১৩ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য প্যান্ডেল স্থাপন বাবদ ৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য প্যান্ডেল স্থাপন বাবদ ৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প) থেকে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সংযুক্তিতে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন ৪র্থ শ্রেণীর কর্মচারীকে জনপ্রতি ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা সম্মানী প্রদান প্রসংগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৬/৫/২০১৫ তারিখের ১বি-৭/২০১১/ডি-১৯/৭১০ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সংযুক্তিতে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন ৪র্থ শ্রেণীর কর্মচারীকে জনপ্রতি ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে বিবিধ ব্যয় হতে সম্মানী বাবদ ৭,৫০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) মিসেস নুর-ই আয়েশা<br>স্বামী-মৃত লেঃ কর্ণেল (অবঃ) আব্দুস সবুর<br>(খ) মেজর রেহনুমা সবুর, (গ) তাসনুমা সবুর<br>(ঘ) রাসনুমা সবুর, (ঙ) তাহমিদ তাজওয়ার তাসিন<br>সর্বপিতা- মৃত লেঃ কর্ণেল (অবঃ) আব্দুস সবুর | ১৩৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২। | মেজর মোঃ খোরশেদ আলম (অবঃ) | ১৪৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৩। | (ক) ফাতেমা সুলতানা<br>স্বামী-শহীদ কর্ণেল গুলজার উদ্দিন,পিএসসি<br>(খ) জাহিন তাসনিয়া, (গ) লামিয়া সাইয়ারা<br>সর্বপিতা- শহীদ কর্ণেল গুলজার উদ্দিন,পিএসসি | ৭৯৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | ক্যাপ্টেন সলিম রেজা হারুন, বিএন | ৯৫৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৫। | কর্ণেল মোঃ আব্দুল হক, পিএসসি (অবঃ) | ৯৫৭ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৬। | কমান্ডার (অবঃ) আবুল কালাম মোঃ আলাউদ্দিন | ৯৭০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | ব্রিগেঃ জেনাঃ গোলাম মহিউদ্দিন চৌধুরী | ৯৭৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৮। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন বিন হাসেম | ৯৮৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | মেজর এম আইএম হাসানুজ্জামান (অবঃ) | ১০৪৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০। | ব্রিগেঃ জেনাঃ গোলাম ফারুক নুরে কমর চৌধুরী, পিএসসি | ১১৬৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১। | ব্রিগেঃ জেনাঃ সোহেল আহমেদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | ১১৯৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১২। | (ক) শামীমা আক্তার<br>স্বামী-শহীদ কর্ণেল মোঃ এমদাদুল ইসলাম, পিএসসি<br>(খ) মোঃ আকিফ-আল-ইসলাম<br>(গ) নৌশিদ নাওয়ার নুরজাহান<br>সর্বপিতা- শহীদ কর্ণেল মোঃ এমদাদুল ইসলাম, পিএসসি | ১২১১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৩। | (ক) নিশাদ নার্গিস<br>স্বামী-শহীদ কর্ণেল মোঃ নকিবুর রহমান, পিএসসি<br>(খ) নাবীল ইবনে নকিব, (গ) নুদরাত বিনতে নকিব<br>পিতা- শহীদ কর্ণেল মোঃ নকিবুর রহমান, পিএসসি | ১২৪৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৪। | (ক) মেজর (অবঃ) মোঃ খায়রুল আলম<br>(খ) মেজর মোঃ নুরুনবী (অবঃ)<br>(গ) লেঃ কর্ণেল শেখ আকরাম আলী<br>(ঘ) মেজর মোঃ আবুল কালাম (অবঃ) | ৩৯৮ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৫ তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা) |
| ১৫। | হাসিনা বানু | ৪৪২ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৩ তলার উপর ৭ম তলা পর্যন্ত নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩ এ বর্ণিত ১৩টি প্লটে ০৭(সাত) তলা নতুন/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১৪ ও ১৫ এ বর্ণিত ২টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসের ২০ বীরের রাস্তার উত্তর পার্শ্বে মাঠ সংলগ্ন ফুটপাতে জিআই পাইপ দ্বারা রেইলিং সরবরাহ ও স্থাপন কাজ। | ৩৪,৯৮৮/- | জনসাধারনের উন্নয়ন মূলক খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ২। | নিসর্গ আবাসিক এলাকায় ০২টি এবং সেনাকেন্দ্রীয় মসজিদের উত্তর পার্শ্বে ০২টি খেলার মাঠে নেটসহ গোলপোষ্ট সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৬৮,০৪৯/৪৭ | জনসাধারনের উন্নয়ন মূলক খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৩। | ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী প্লাষ্টিক রোড ডিভাইডার, পাইপ, রশি ও রং সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৫৩,৭৩০/- | জনসাধারনের উন্নয়ন মূলক খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩ নং পানির পাম্প হঠাৎ নষ্ট হয়ে যাওয়ায় তা উত্তোলন, মেরামতকরণ ও পুনঃস্থাপন কাজ। | ১,৪৩,৪৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপকেন্দ্রের পানির পুরাতন লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন কাজ। | ২৮,৬২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৬। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এসি, ফ্রিজ, সিসি ক্যামেরা, জেনারেটর মেরামতকরণ কাজ। | ৮০,৩০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪, ৫ ও ৬ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানসমূহ অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের পোষ্ট অপারেটিভ রুমের ০২টি তিন টন এসির কমপ্রেসার পরিবর্তন, মেরামত/সার্ভিসিং কাজ। | ৬৯,৮৬০/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৭২,৬৫৪/৪০ | হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫২/এ নং স্টাফ কোয়ার্টারের সামনে কাঁচা রাস্তা পাঁকাকরণ কাজ। | ৩,৯২,৬৪৩/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৪৫,১১৪৬/- | ক্যান্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ৩। | শহীদ মোস্তফা কামাল লেন আবাসিক এলাকা সংলগ্ন শিশুপার্ক মেরামত ও রংকরণ কাজ। | ৫৯,২০০/০০ | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৬১,৮৬৪/০০ | জনসাধারনের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৪। | ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনীর আওতাধীন বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে বিমান বাহিনীর ০৫ নং গেইট পর্যন্ত বিমান বাহিনীর প্রভোষ্ট কর্তৃক যানবাহনের গতিমাত্রা নিরক্ষনের জন্য ০১টি হ্যান্ড স্পীড চেকরাডার সরবরাহ ও স্থাপন কাজ। | ৩,৫০,০০০/- | হাসনাত এন্টারপ্রাইজ | ৩,৫০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী ১৫০টি আধুনিক রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,২০,০০০/- | হাসনাত এন্টারপ্রাইজ | ৪,২০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | ঢাকা সেনানিবাসের মোস্তফা কামাল লেন এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি গেইট পর্যন্ত ৪০/৫০ রোড মার্কিংকরণ কাজ। | ৯৮,৪০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,০৩,০৭৪/- | জনসাধারনের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৭। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৪ উপলক্ষ্যে শহীদ সরণি ও স্বাধীনতা সরণির পেভমেন্ট টাইলস্ মেরামত ও সংস্কার কাজ। | ১,৯৫,০০০/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১,৯৮,৯০০/- | জনসাধারনের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৮। | কচুক্ষেত পুরান বাজার এলাকার ড্রেন পরিস্কারকরণ কাজ। | ৩,০০,৩০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩,১৩,৮১৩/৫০ | জনসাধারনের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) |
| ৯। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণী কক্ষের জন্য ১০০টি ডেস্ক টেবিল এবং ১০০টি চেয়ার তৈরী/সরবরাহকরণ কাজ। | ৫,৭৪,৬৮৪/- | মেসার্স কাইয়ুম এন্ড কোং | ৬,০২,৮৪৩/৫১ | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পূর্ব পার্শ্বে (মেইন রোড সংলগ্ন) ফেসিং টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ৩,৩৪,১২৭/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৩,৫০,৪৩২/৩৯ | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের দক্ষিণ পার্শ্বে টিনের বেড়া সরবরাহ ও স্থাপন কাজ। | ৮৭,৯৭৬/- | মেসার্স মনির এন্ড কোং | ৯২,৩৩০/৮১ | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ১২। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নিচতলার রেভিনিউ শাখা, প্রশাসনিক শাখা ও পুরাতন ভবনের বারান্দায় টাইলস স্থাপনসহ সংস্কার ও মেরামত কাজ। | ১৬,৮৩,৪১৬/- | মেসার্স মনির এন্ড কোং | ১৭,৬৫,০৬১/৬৭ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৩। | বারিধারা ডিওএইচএস (বিএসআই) স্কুলের পূর্ব পার্শ্বের ফুটপাত হতে স্কুল গেইট পর্যন্ত ব্রিক সলিংকরণ কাজ। | ১,৮৪,৪২৬/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১,৯৩,৪৬২/৮৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ১৪। | বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ড ব্যারাকের উত্তর পার্শ্বে কংক্রিট ওয়াল নির্মাণ কাজ। | ৩,৭৩,৭২৮/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৩,৯২,১১৫/৪১ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ১৫। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৬/এ, ৪৪(অংশ) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৮,৫৩,০২৫/- | মেসার্স ডি ভেলিয়েন্ট ইঞ্জিনিয়ারিং | ১০,২৩,৬৩১/০৮ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৯ (অংশ) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৯,৬৬,১১১/০০ | মেসার্স ডি ভেলিয়েন্ট ইঞ্জিনিয়ারিং | ১১,৫৯,৩৩৪/১৬ | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে ক্রমিক নং-১৪ ব্যতীত উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ৩, ৬, ৭, ৮ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক। ক্রমিক নং-১২, ১৫ ও ১৬ এর প্রকল্প তিনটির বিষয়ে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ভেটিং গ্রহণপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যসূচী-১৮ঃ গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২০ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ভিতরের মাঠের দক্ষিণ পার্শ্বের পুরাতন একতলা ভবন ভাঙ্গা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পরিচালনা পরিষদের সভাপতি, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক গেইট বন্ধ/খোলা ও পুরাতন ভবন ভাঙ্গার বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-১৯ঃ মিরপুর সেনানিবাসের অভ্যন্তরে অবস্থিত রাস্তা হস্তান্তর/গ্রহণ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫ জুন ২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে মিরপুর সেনানিবাসের অভ্যন্তরে অবস্থিত রাস্তাটি সড়ক ও জনপথ বিভাগের আওতায় প্রস্তুতকৃত। বর্তমানে ঐ এলাকায় সাধারণ জনগণের চলাচল বৃদ্ধি পাওয়ায় ক্যান্টনমেন্ট বোর্ডের আওতায় গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ সেনাকুঞ্জ হতে ব্রডওয়ে বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তায় সিমেন্টের রোড ডিভাইডারের মাঝে জিআই পাইপ বদলীকরণ প্রসংগে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১০ মে ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.০৯.০৫.১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ বিষয়ে আলোচনান্তে সম্পূর্ণ ডিভাইডার পরিবর্তন না করে প্রয়োজনীয় অংশের সংস্কার কাজের মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ জনতা ব্যাংক লিমিটেড, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার ATM বুথ স্থাপন ও প্রস্তাবিত ATM বুথের লে-আউট অনুমোদনের বিষয়ে উক্ত ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপকের ২৫/৬/২০১৫ তারিখের রজনীগন্ধা/এআর/এটিএম বুথ/২০১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ জনতা ব্যাংক লিমিটেড, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার এটিএম বুথের নকশা অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। এ ক্ষেত্রে প্রচলিত বিধিবিধানের আলোকে ট্রেড লাইসেন্স ফি গ্রহণ করারও সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ সশস্ত্র বাহিনী দিবস ২০১৫ উপলক্ষে ঢাকা সেনানিবাসে শহীদ সরণির রাস্তায় অতি বর্ষার কারণে সৃষ্ট পটহোল মেরামত ও কার্পেটিং কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত নকশাসহ মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য স্থান বরাদ্দের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের মাস্টারপ্ল্যান চূড়ান্ত হওয়ার আগে এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ বিবিধ-৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে নিলামকৃত দ্রব্যাদির তালিকা ও এমআরপিসহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অকেজো মালামাল নিলামে বিক্রয়ের জন্য মেসার্স আমিন এন্ড ব্রাদার্স কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ ৫,০৬,৬৬৬/- টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অকেজো মালামাল নিলামে বিক্রয়ের পূর্বে ইনভেন্টরী প্রস্তুত এবং অকেজো ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ রজনীগন্ধা টাওয়ার এর ০৪টি দোকানের পজেশন সংশ্লিষ্ট ইজারা গ্রহীতাগণকে বুঝিয়ে দেয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ইজারামূল্যের ৭৫% অর্থ জমাকরণ সাপেক্ষে দোকানের পজেশন হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো। আবেদনকারীগণকে বিষয়টি অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৬ঃ স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ জুলাই, ২০১৫ তারিখের ৬০৪/১/এ/১ নং পত্রের মাধ্যমে জুলাই, ২০১৫ মাসের সভায় নিম্নবর্ণিত পয়েন্টসমূহ উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয় ঃ-

(ক) ২০১৪-২০১৫ অর্থ বৎসরের মূল বাজেটে উল্লেখ না থাকলেও সম্পূরক বাজেটে খরচ দেখানো হয়েছে। ব্যাখ্যাসহ খরচের বিস্তারিত বিবরণ উপস্থাপন।
(খ) সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল আয়/ব্যয়ের বিস্তারিত বিবরণ উপস্থাপন।
(গ) ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সকল ডিওএইচএস/বেসামরিক আবাসিক এলাকার বাসস্থানের হালনাগাদ পরিসংখ্যান।
(ঘ) ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সকল দোকানের পরিসংখ্যান।
(ঙ) ০১ মে, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৫ পর্যন্ত সময়কালের ক্যান্টনমেন্ট বোর্ডের সকল ফান্ডের ব্যাংক স্টেটমেন্ট।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় উপরোল্লিখিত তথ্যাদি অবলোকন করা হলো।

২৭ বিবিধ-১ঃ অডিট রিপোর্ট।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় সভাপতি জানান যে, দীর্ঘদিন পূর্বে বোর্ডের অডিট সম্পন্ন হলেও সিইও অদ্যাবধি অডিট রিপোর্ট উপস্থাপন করেন নাই। আগামী বোর্ডসভায় অডিট রিপোর্ট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ-২ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ মোঃ হুমায়ুন কবীর এর পেনশন ও গ্র্যাচুইটি।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ ব্যাপারে সিইও জানান যে, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বিরুদ্ধে ১,১৭,৫৮,৩৯৪/- (এক কোটি সতের লক্ষ আটান্ন হাজার তিনশত চুরানব্বই) টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। উক্ত কলেজের ব্যাংক হিসাব কলেজের অধ্যক্ষ মোঃ হুমায়ুন কবীর কর্তৃক পরিচালিত হওয়ায় এ বিষয়টি নিস্পত্তি হওয়া প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি বলেন যে, যেহেতু অডিট রিপোর্ট এখনও বোর্ডে উপস্থাপন করা হয় নাই বিধায় দায়দায়িত্ব নির্ধারণ করা সম্ভব নয়। পরবর্তী সভায় অডিট রিপোর্ট উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২৭ বিবিধ-৩ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের বাইরের সংস্থা/সদর দপ্তর/বিভাগ/মন্ত্রণালয়/পরিদপ্তরের সাথে পত্রালাপ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় সভাপতি জানান যে, গত ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮ এর মাধ্যমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনার নিমিত্তে একটি কমিটি গঠনপূর্বক ১৫ এপ্রিল, ২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রকাশে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এক মাসাধিককাল সময় ব্যয় করেন। এছাড়াও হাসপাতাল পরিচালনা কমিটির মে, ২০১৫ মাসের সভায় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার উপস্থিত হননি। উক্ত হাসপাতালের সকল আয় বোর্ড ফান্ডে জমা না করে সিএমও'র নামে হিসাব খুলে জমা করার নির্দেশও তিনি পালন না করে এ সকল বিষয়ে অনাহত সিদ্ধান্ত চেয়ে সিইও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছেন। তাছাড়া তিনি আরো কয়েকটি চিঠি সরাসরি বোর্ড বা সভাপতিকে অবহিত না করে পত্র লিখে বোর্ডকে হেয় প্রতিপন্ন করেছেন। এর ফলে বোর্ডের সম্মান ক্ষুণ্ন হয়েছে বলেও সভাপতি সভায় জানান। বিস্তারিত আলোচনান্তে এখন হতে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস কর্তৃক বাইরের কোন সংস্থা/সদর দপ্তর/মন্ত্রণালয়/পরিদপ্তরের সাথে কোন প্রকার মতামত, পরামর্শ, নির্দেশনা, সুপারিশ ও ক্লারিফিকেশন সংক্রান্ত পত্র যোগাযোগ করতে হলে তা অবশ্যই প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের মাধ্যমে করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ-৪ঃ মোঃ রেজাউল ইসলাম, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর বিরুদ্ধে দূর্ণীতি, স্বজনপ্রীতি এবং ক্ষমতার অপব্যবহার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভাপতি জানান বিগত সভায় সিইও'র বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ ছাড়াও ইতিমধ্যে আরো কিছু গুরুতর অভিযোগ বিভিন্ন সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক দাখিল করেছেন। ০১ জুলাই ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় উত্থাপিত অভিযোগসহ অদ্যাবধি প্রাপ্ত সকল অভিযোগ তদন্তের ব্যাপারে নিম্নোক্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (খ) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক, সম্মানিত সদস্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (গ) | ১ × প্রতিনিধি অধিনায়ক, বিএসএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| | | -- | সদস্য |
| (ঘ) | ১ × প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

২৭ বিবিধ-৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের ভিটি ভাড়া দৈনিক ৭৫/- টাকার স্থলে পূর্বের ২৫/- টাকা হারে নির্ধারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের ভিটি ভাড়া মাসিক ১,২০০/- টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ যাবৎ বকেয়াসহ হালনাগাদ পাওনাদি পরিশোধের জন্য পত্র প্রদান করা হোক। আগামী দুই মাসের মধ্যে বকেয়াসহ যাবতীয় পাওনাদি পরিশোধ করা না হলে উচ্ছেদপূর্বক ভিটি খালি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ-৬ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ২য় তলায় পরীক্ষামূলকভাবে ৩টি কক্ষ বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার হিসেবে বরাদ্দ প্রদান এবং অস্থায়ী ভিত্তিতে মাস্টাররোলে ২ জন চেম্বার এ্যাটেনডেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তার চেম্বার ইজারা প্রদানের বিষয়ে গত ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩২ এর মাধ্যমে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস-কে সভাপতি করে ০৪(চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক প্রণীত প্রস্তাব/নীতিমালা সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ০১ মার্চ, ২০১৫ তারিখের ৬০০১/বোর্ড/১৩/ই-৬ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করা হয়। উক্ত কমিটির প্রতিবেদনে দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ্য বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে প্রতি বর্গফুট ন্যূনতম মাসিক ৭৫/- (পঁচাত্তর) টাকা ভাড়ায় ইজারা প্রদানের সুপারিশ করা হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ডাক্তার চেম্বার ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র অহ্বানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ ব্যাপারে হাসপাতালের পরিচালক প্রশাসন লেঃ কর্ণেল আনোয়ার জানান যে এত উচ্চহারে ভাড়া দিয়ে কোন ডাক্তার এখানে প্র্যাকটিস করতে আগ্রহী নয়। বেসরকারী সকল হাসপাতালে ডাক্তারদের অল্প ভাড়ায় রুগী দেখতে দেয়া হয়। ফলে ঐসব হাসপাতালে ইনডোর এবং আউটডোর রুগীর সংখ্যা বৃদ্ধি পায়। উক্ত রেইট অতি উচ্চ মনে করে সিএমএইচ এর আশেপাশের কোন ডাক্তার সেনানিবাসের ভিতরে চেম্বারে বসতে আগ্রহী নয়। তিনি প্রস্তাব করেন ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরীক্ষামূলকভাবে ০৩(তিন)টি ডাক্তার চেম্বার ফার্নিচার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি/দ্রব্যাদি দ্বারা সজ্জিত করার প্রস্তাব করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) পরীক্ষামূলকভাবে আগামী ০৩(তিন) মাস ৩টি ডাক্তার চেম্বার প্রতিদিন ২ শিফ্ট হিসেবে প্রতি শিফ্ট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ভাড়া আদায় সাপেক্ষে বরাদ্দ প্রদান।

(খ) দৈনিক ভাড়া বাবদ প্রাপ্ত আয় দ্বারা মাসিক জনপ্রতি ৬,০০০/- (ছয় হাজার) টাকা বেতনে শূন্য পদের বিপরীতে মাস্টার রোলে ২ জন চেম্বার এ্যাটেনডেন্ট নিয়োগ।

(গ) ডাক্তার চেম্বারের ফার্নিচারসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের নিমিত্তে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৭ বিবিধ-৭ঃ রজনীগন্ধা টাওয়ারের ০৪ (চার) টি দোকান/স্পেস এবং মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ১৫ (পনের) টি দোকানের দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর ৮ টি দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ৩০ জুন ২০১৫ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে রজনীগন্ধা টাওয়ারের ০৪ টি দোকান/স্পেস এর বিপরীতে দাখিলকৃত দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক গ্রহণ করা করা হয়েছে। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে কয়েকটির সাথে নাগরিকত্ব সনদপত্রের পরিবর্তে জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করা হয়েছে। প্রাপ্ত দরপত্রসমূহ নিম্নে প্রদত্ত হলোঃ-

রজনীগন্ধা টাওয়ার

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | মোঃ জান্নাতুল ফেরদৌস | ৪র্থ তলা-০১ | ১৩৪.৪৫ | ১৪৫০০/- | ১৪৫২০/- | ১৯,৫২,২১৪.০০ | ০১ টি |
| ২। | মোঃ জান্নাতুল ফেরদৌস | ৪র্থ তলা-০২ | ১৩৪.৪৫ | ১৪৫০০/- | ১৪৫২০/- | ১৯,৫২,২১৪.০০ | ০১ টি |
| ৩। | আলহাজ্ব মোঃ সেলিম | ৪র্থ তলা-২৪ | ১২১.৭৩ | ১৪৫০০/- | ১৪৫১১/- | ১৭,৬৬,৪২৪.০৩ | ০১টি |
| ৪। | শেখ হাবিবুর রহমান | ৬ষ্ঠ তলা-অফিস-২ | ১৩৮৬.০০ | ১২০০০/- | ১২০২০/- | ১,৬৬,৫৯,৭২০.০০ | ০১ টি |

(খ) মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ৭০ টি দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ৩০ জুন ২০১৫ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ১৫ টি দোকান/স্পেস এর জন্য দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে ৮ম তলার ০৭ নং দোকানটি সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত দরপত্র অসম্পূর্ণ থাকার এবং ৮ম তলার ১৬ নং দোকানের দাখিলকৃত দরপত্রে ক্রয়কৃত দরপত্র নামের পরিবর্তে ভিন্ন নামে দরপত্র দাখিল করায় দরপত্র ০২ টি যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাতিল করা হয়েছে। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে কয়েকটির সাথে নাগরিকত্ব সনদপত্রের পরিবর্তে জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করা হয়েছে। অন্যান্য

১৫

## মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | | |
| ১। | এ টি এম মাসুদুর রহমান | ২য় তলা-১০ | ১১৬.৫৫ | ১৬০০০/- | ১৬০১০/- | ১৮,৬৫,৯৬৫.৫০ | ০১ টি | |
| ২। | জনাব মোঃ লুৎফুর রহমান | ৫ম তলা-১০ | ১১১.৩১ | ১৪০০০/- | ১৫১১০/- | ১৬,৮১,৮৯৪.১০ | ০১ টি | |
| ৩। | মাহমুদ এন্টারপ্রাইজ | ৬ষ্ঠ তলা-১৮ | ১২৮.৫০ | ১২০০০/- | ১২০৬০/- | ১৫,৪৯,৭১০.০০ | ০১ টি | |
| ৪। | কর্ণেল মোঃ কুদরত ই এলাহী | ৬ষ্ঠ তলা-১৯ | ১১০.২০ | ১২০০০/- | ১২১০০/- | ১৩,৩৩,৪২০.০০ | ০২ টি | |
| ৫। | এইচ কিউ এম লজিস্ট্রিক ইন্টারন্যাশনাল লিঃ | ৬ষ্ঠ তলা-২৯ | ১০৩.৮৩ | ১২০০০/- | ১২০৫০/- | ১২,৫১,১৫১.৫০ | ০১ টি | |
| ৬। | এইচ কিউ এম লজিস্ট্রিক ইন্টারন্যাশনাল লিঃ | ৬ষ্ঠ তলা-৩০ | ৯৮.০৯ | ১২০০০/- | ১২০৫০/- | ১১,৮১,৯৮৪.৫০ | ০১টি | |
| ৭। | হুর-ই-জান্নাত অন্যা | ৮ম তলা-০১ | ২৩১.৬৯ | ১২০০০/- | ১২১২০/- | ২৮,০৮,০৮২.০০ | ০১টি | |
| ৮। | ফারজানা খান নিপা | ৮ম তলা-৭ | ১৪৩.৬৬ | ১২০০০/- | ১২২০০/- | ১৭,৫২,৬৫২.০০ | ০২টি | বাতিল |
| ৯। | জনাব জাফর ইকবাল সিদ্দিকী | ৮ম তলা-১৫ | ২৫১.০০ | ১২০০০/- | ১২২৩০/- | ৩০,৬৯,৭৩০.০০ | ০১ টি | |
| ১০। | জনাব জাফর ইকবাল সিদ্দিকী | ৮ম তলা-১৬ | ২৩৬.৮১ | ১২০০০/- | ১২২৩০/- | ২৮,৯৬,১৮৬.৩০ | ০২ টি | |
| ১১। | এইচ কিউ এম লজিস্ট্রিক ইন্টারন্যাশনাল লিঃ | ৯ম তলা-০২ | ১৭৬.৭৩ | ১২০০০/- | ১২২৬০/- | ২১৬৬৭০৯.৮০ | ০১ টি | |
| ১২। | মাহমুদ ইন্টারপ্রাইজ | ৯ম তলা-০৫ | ১৬৫.৬৬ | ১২০০০/- | ১২২১০/- | ২০২২৭০৮.৬০ | ০১ টি | |
| ১৩। | এইচ কিউ এম লজিস্ট্রিক ইন্টারন্যাশনাল লিঃ | ৯ম তলা-১৫ | ২৫১.০০ | ১২০০০/- | ১২১১০/- | ৩০৩৯৬১০.০০ | ০১ টি | |
| ১৪। | এইচ কিউ এম লজিস্ট্রিক ইন্টারন্যাশনাল লিঃ | ৯ম তলা-১৬ | ২৩৬.৮১ | ১২০০০/- | ১২১১০/- | ২৮৬৭৭৬৯.১০ | ০১ টি | |
| ১৫। | ব্রিগেঃ জেনাঃ নুরুননাহার ফাতেমা বেগম | ৯ম তলা-১৮ | ২৪১.০০ | ১২০০০/- | ১২৫৫৫/- | ৩০২৫৭৫৫/- | ০১ টি | |

বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত দরগুলোর মধ্যে মিরপুর অফিস কাম শপিং কমপ্লেক্স এর ক্রমিক নং ৮ বর্ণিত দর ব্যতিরেকে অন্যান্য দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস

২৭ বিবিধ-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর এস কে নজরুল ইসলাম (অবঃ) | ১৭৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২। | গ্রুপ ক্যাপ্টেন এ ওয়াই এম নাজমুল হক, পিএসসি (অবঃ) | ৫১৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৩। | (ক) মিসেস আনোয়ারা ওয়ালী খান<br>স্বামী- গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম এ ওয়ালী খান<br>(খ) হাফিজা নিলুফার খান<br>(গ) এম এ ওয়াকিল খান<br>সর্বপিতা- গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম এ ওয়ালী খান | ১৭৫ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (পুরাতন ০৪ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| ৪। | (ক) এন এম ঈসা আবরার খান<br>(খ) ফারহানা বুলবুল<br>(গ) সানজানা তাসনিম<br>সর্বপিতা- এম এস এম রেজাউল কবির | সিএস দাগ নং- ১০৫, মৌজা- লালাসরাই | সিবি-২০৬/এ-২ কচুক্ষেত পুরান বাজার | | সংশোধিত ০৭ তলা (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

২৭ বিবিধ-৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে মাটি/ময়লা/আবর্জনা কর্তন ও নিচু স্থান ভরাট ও সমতলকরণ কাজ। | ৮,৪২,৭৬৬/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পূর্ব কর্ণারে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১,৪৩,০১২/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |



৬

| | | | |
|---|---|---|---|
| ৩। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-২৮ এর (প্লট নং-৪৪৭ হতে ৪৫০/এ) রাস্তার দক্ষিণ পার্শ্বে রাস্তার মাটি রক্ষার্থে ড্রামশীটসহ বল্লি পাইলিং ও বালু ভরাট কাজ। | ৬,৬০,৮৭৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ ও ২ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানসমূহ অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-ক।

১৪/৭/২০১৫

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক<br>স্টেশন হেলথ অফিসার<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | জনাব মোঃ মাহবুব জামিল<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |